



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী কলেজ, রাজশাহী



e-mail: [rajshahicollegebd@gmail.com](mailto:rajshahicollegebd@gmail.com), website: [www.rc.gov.bd](http://www.rc.gov.bd)  
online news portal: [rcbarta.com](http://rcbarta.com), fax: 02588853145

## শোক বিজ্ঞপ্তি

গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, রাজশাহী কলেজের প্রাক্তন কিংবদন্তি শিক্ষক ও চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া ও নিউ গভঃ ডিগ্রী কলেজের প্রাক্তন অধ্যক্ষ (অধ্যাপক, পদার্থবিজ্ঞান) এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর পরিচালক প্রফেসর মোঃ য়োবদুল হক আজ ১৬/০৭/২০২৪ খ্রি. মঙ্গলবার আনুমানিক সকাল ১০:৩০ মি. রাজশাহী মেডিকেল কলেজ, হাসপাতাল, রাজশাহী-এ চিকিৎসারত অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে আমরা রাজশাহী কলেজ পরিবার গভীরভাবে শোকাহত এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা ও আন্তরিক সহমর্মিতা জ্ঞাপনসহ মরহুমের বিদেহী আত্মার চির ও অনাবিল শান্তি কামনা করছি। মহান রাব্বুল আলামিন তাঁকে বেহেস্তের সর্বোত্তম স্থান জান্নাতুল ফেরদাউস দান করুন।

মরহুমের জানাযার নামাজ আজ বাদ আছর উপশহর নুর মসজিদ (২নং সেক্টর, উপশহর সংলগ্ন তেরখাদিয়া)-এ অনুষ্ঠিত হবার পর দাফনকার্য সুসম্পন্ন হবে ইনশাআল্লাহ। মরহুমের জানাযার নামাজে অংশগ্রহণের জন্য রাজশাহী কলেজের সকলকে অনুরোধ জানানো হলো।

১৬/০৭/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫